দৈনিক ইত্তেফাক

তারিখ 22 DEC 1988
পৃষ্ঠা 16 কলাম ৪

094

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## থমিক শিক্ষার উপর ত্ব দিতে হইবে

### —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, ১৯৯২ সালের মধ্যে দেশের শিক্ষার হার ৬০ ভাগে পৌঁছাইতে হইলে প্রথমে প্রাথমিক শিক্ষার উপর অধিক গুরুত্ব দিতে হইবে। এক্ষেত্রে প্রাথমিক শিক্ষকদের ভূমিকা অপরিসীম। মন্ত্রী গতকাল বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি আয়োজিত মিরপুরস্থ কার্যালয়ে প্রাথমিক শিক্ষকদের এক সমাবেশে বক্তৃতা করিতেছিলেন।

শিক্ষামন্ত্রী ২০০০ সালের মধ্যে সকলের জন্য শিক্ষার সমান সুযোগ সৃষ্টির জন্য বর্তমান সরকার যে সব লক্ষ্যমাত্রা নির্ধারণ করিয়াছেন উহা বাস্তবায়নের জন্য প্রাথমিক শিক্ষকদের সরকারের সাথে একযোগে কাজ করার আহ্বান জানান।

মন্ত্রী প্রাথমিক শিক্ষকদের ন্যায্য দাবী-দাওয়া সুবিবেচনার আশ্বাস দিয়া বলেন, পাকশীতে প্রাথমিক শিক্ষক মহাসম্মেলনে প্রেসিডেন্টের প্রদত্ত ঘোষণা শিক্ষা মন্ত্রণালয় বাস্তবায়নের জন্য কাজ করিতেছে। —তথ্য বিবরণী।